



Handwritten notes:
২০
ই-মেইলে প্রাপ্ত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড,
রাজস্ব ভবন,
সেগুনবাগিচা, ঢাকা।
Web new File
General File

স্থায়ী আদেশ নং-৩০৮/২০১৮/কাস্টমস

তারিখ: ০৩/০৯/২০১৮ খ্রি:

বিষয়: কাস্টমস সংক্রান্ত National Enquiry Point (NEP) এর কার্যক্রম পরিচালনার দিক নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আমদানি ও রপ্তানি বাণিজ্য বিশেষত: বৈদেশিক বাণিজ্যের ক্ষেত্রে কাস্টমস বিষয়ক গুরুত্বপূর্ণ এবং প্রাসঙ্গিক তথ্য জানতে চেয়ে যে কোন ব্যক্তি কর্তৃক দাখিলকৃত প্রশ্নসমূহের (Enquiry) জবাব প্রদান ও অন্যবিধ তথ্য সরবরাহের জন্য জাতীয় রাজস্ব বোর্ড ইন্টারনেট-ভিত্তিক National Enquiry Point (NEP) for Customs চালু করেছে। বাংলাদেশ কাস্টমস এর ওয়েবসাইট www.bangladeshcustoms.gov.bd তে এই NEP-টি স্থাপন করা হয়েছে। উক্ত ওয়েবসাইট ভিজিট করে 'National Enquiry Point' মেন্যু এর মাধ্যমে ব্যবহারকারীগণ NEP-তে আপলোডকৃত Frequently Asked Questions (FAQ)-এর ডাটাবেইজে প্রবেশ করতে পারবেন। এছাড়াও অন্যান্য তথ্য/ উপাত্ত/ দলিলাদি/ পদ্ধতি ইত্যাদি বিষয়ে জানতে ব্যবহারকারীগণ আলোচ্য NEP এর মাধ্যমে Enquiry করতে পারবেন।

২। উল্লিখিত NEP এর মাধ্যমে ব্যবসায়ী ও অন্যান্য স্টেকহোল্ডারগণ যাতে দ্রুত Enquiry দাখিল করতে এবং দাখিলকৃত Enquiry এর জবাব পেতে পারেন, সে লক্ষ্যে নিম্নরূপ NEP টিম গঠন করা হলো:

- (ক) NEP মেম্বার;
- (খ) NEP সুপারভাইজার; এবং
- (গ) NEP অফিসার।

৩। উক্ত NEP টিমের অধীনে NEP মেম্বার, NEP সুপারভাইজার এবং NEP অফিসারের জন্য আলাদা ড্যাশবোর্ড প্যানেল থাকবে। NEP টিমের সদস্যগণ নিম্নবর্ণিত কার্যক্রম সম্পাদন করবেন:

(ক) NEP মেম্বারের কার্যক্রম ও কার্যপদ্ধতি:

(১) জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস: আধুনিকায়ন) উক্ত National Enquiry Point for Customs এর জন্য NEP মেম্বার হিসেবে দায়িত্ব পালন করবেন। NEP মেম্বার NEP সিস্টেমটি কার্যকরভাবে পরিচালনার ক্ষেত্রে দলনেতা হিসেবে কাজ করবেন। NEP মেম্বারের ড্যাশবোর্ডে ৫টি ট্যাব থাকবে, যার কার্যক্রম হবে নিম্নরূপ:

- (i) 'New': সকল নতুন Enquiry, যা এখনো কোনো ক্যাটাগরিভুক্ত হয়নি;
- (ii) 'Re-routed': যে সকল Enquiry NEP সুপারভাইজার কর্তৃক ভুলক্রমে যথাযথ NEP অফিসারের পরিবর্তে অন্য কোনো NEP অফিসারের নিকট Assign করার পর উক্ত NEP অফিসার ফেরত প্রদান করেছেন;

Handwritten notes:
গণ মেম্বার ও
সুপারভাইজার
স্বাক্ষর
০৩.০২.২০১৮

Signature:
K.M. Zilur
08.02.2018

Signature:
li